

উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি
উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

তারিখ ও সময় : ১৪.১১.২০২১, সকাল ১০.০০ ঘটিকা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়


সভাপতি : জনাব মোঃ ইকবাল আহমেদ আজাদ, সভাপতি, উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি এবং ভাইস চেয়ারম্যান, বাবুগঞ্জ
উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

অংশগ্রহনকারীর তালিকা : হাজীরা সীট সংযুক্ত

সভার সভাপতি জনাব মোঃ ইকবাল আহমেদ আজাদ, ভাইস চেয়ারম্যান, বাবুগঞ্জ উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল উপস্থিত
সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
গত দুই মাসের কাজের অগ্রগতি	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিগত দুই মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপনা করেন এবং কাজের ক্ষেত্রে কোন সমস্যা নেই বলে জানান।	চলমান কাজসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা/ চলমান রাখা	দপ্তর এর কর্মকর্তা ও কর্মচারীগণ
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাবনা প্রেরণ	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান ২০২০-২১ অর্থ বছরে অত্র উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কিছু সক্ষমতা উপ প্রকল্প গ্রহন করা হবে। তাই উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে আমরা ১. বাবুগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরি এবং অনলাইনে ক্লাশ পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ। ২. প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ে বিদ্যালয় প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিদের বিদ্যালয় ব্যবস্থাপনা কৌশল বিষয়ে দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ বিষয়ে ০২ টি প্রস্তাবনা প্রেরণ করতে চাই।	উপস্থিত সকলের সর্ব সম্মতিক্রমে প্রকল্প প্রস্তাবনা সরবরাহকৃত নির্দিষ্ট ফরমেটে পূরন করে যত দ্রুত সম্ভব প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৩০.১১.২০২১, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


চেয়ারপার্সন এর স্বাক্ষর ও তারিখ
মোঃ ইকবাল আহমেদ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

